গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(রাজস্ব শাখা)
www.pirojpur.gov.bd

**পিরোজপুর জেলার কলাখালী-চাঁদকাঠী আন্তঃউপজেলা ফেরীঘাট/ খেয়াঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি**

স্মারক নং -০৫.১০.৭৯০০.০১৩.০২.০৩০.২১-২৮৪/১

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৭
০১ মার্চ ২০২১

**পিরোজপুর জেলার কলাখালী- চাঁদকাঠী** আন্তঃউপজেলা ফেরীঘাট/ **খেয়াঘাট ১৪২৮ বঙ্গাব্দের** (৩০শে চৈত্র পর্যন্ত) **জন্য ইজারা প্রদানের** নিমিত্ত আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নিম্নলিখিত **শর্তে সীলমোহরকৃত** দরপত্র আহবান **করা যাচ্ছে। তবে জন্মগত পেশাদার** পাটনী আবেদন করলে বিধি মোতাবেক **অগ্রাধিকার** দেয়া হবে। ইজারা সংক্রান্ত **বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর** কার্যালয়ের রাজস্ব শাখা হতে অফিস চলাকালীন **জানা যাবে।**

| উপজেলার নাম | ফেরীঘাট/ খেয়াঘাটের নাম | সম্ভাব্য সরকারী মূল্য |
|---|---|---|
| ০১ | ০২ | ০৩ |
| পিরোজপুর সদর ও নেছারাবাদ | কলাখালী - চাঁদকাঠী আন্তঃউপজেলা খেয়াঘাট | ১২,৮২,৬০০/- |

শর্তাবলীঃ

১। ফেরীঘাট/ খেয়াঘাটের সিডিউল ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) এর বিনিময়ে এ কার্যালয়ের রাজস্ব শাখা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পিরোজপুর সদর ও নেছারাবাদ থেকে অফিস চলাকালীন ক্রয় করা যাবে।

২। দরপত্রে প্রদত্ত দরের ২৫% টাকা হারে জামানতের টাকা আবেদন পত্রের সাথে যে কোন সিডিউল ব্যাংকের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফ্ট মূলে জেলা প্রশাসক, পিরোজপুর এর অনুকূলে জমা দিতে হবে। সিডিউলের প্রতিটি কলাম পূরণ করতে হবে এবং স্বহস্তে দস্তখত করতে হবে।

৩। সরকারী বিধানমতে গৃহীত দরের উপর ৫% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে।

৪। দরদাতার দর গৃহীত হওয়ার সাত দিনের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের সমুদয় টাকাসহ আয়কর ও ভ্যাট (জামানতের ব্যাংক ড্রাফ্ট বাদে) জমা দিতে হবে। ব্যাংক ড্রাফ্ট এর টাকা সমন্বয় করতে হলে ব্যাংক কালেকশন চার্জ পরিশোধ করতে হবে। উল্লিখিত দরের ইজারা মূল্যসহ সর্বসাকুল্য টাকা পরিশোধ করার পর ফেরীঘাট/ খেয়াঘাটের দখলনামা প্রদান করা হবে।

৫। সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধি বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন সময়ে যে কোন বিষয়ে নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল দরপত্র/ যে কোন দরপত্র বাতিল করার এবং পরবর্তীতে ইজারা সংক্রান্ত শর্ত ভঙ্গ করা হলে যে কোন সময়ে ইজারা চুক্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭। এ কার্যালয়ের রাজস্ব শাখার সম্মুখে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপত্র দাখিল করতে হবে। হাতে হাতে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

৮। নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তারিখে দরপত্র বিক্রয় ও অন্যান্য কার্যক্রম গৃহীত হবে। প্রথম পর্যায়ে কোন দরপত্র বিক্রয়/ উপযুক্ত দরপত্র পাওয়া না গেলে পরবর্তী তারিখসমূহে পর্যায়ক্রমে ইজারা সংক্রান্ত কার্যক্রম চলতে থাকবে।

| দরপত্রের পর্যায় | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | দরপত্র বিজ্ঞপ্তি আহবানের তারিখ হতে ১৫/ ০৩ /২০২১ (অফিস চলাকালীন) | ১৬/০৩/২০২১ দুপুর ১২.০০ টা পর্যন্ত | ১৬/ ০৩/২০২১ দুপুর ০২.০০ টা |
| ২য় পর্যায় | ১৮/ ০৩/২০২১ হতে ২২/০৩/২০২১ (অফিস চলাকালীন) | ২৩/০৩/২০২১ দুপুর ১২.০০ টা পর্যন্ত | ২৩/০৩/২০২১ দুপুর ০২.০০ টা |
| ৩য় পর্যায় | ২৪/০৩/২০২১ হতে ২৮/০৩/২০২১ (অফিস চলাকালীন) | ৩০/০৩/২০২১ দুপুর ১২.০০ টা পর্যন্ত | ৩০/০৩/২০২১ দুপুর ০২.০০ টা |

স্বাঃ/-
(মো: হুমায়ুন কবীর)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ও
আহবায়ক
কলাখালী-চাঁদকাঠী
আন্তঃউপজেলা ফেরীঘাট/
খেয়াঘাট ইজারা প্রদান সংক্রান্ত
কমিটি
পিরোজপুর

নম্বরঃ০৫.১০.৭৯০০.০১৩.১৮.০০৭.২১-২৮৪/১

তারিখঃ ০৭/০৩/২০২১

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর।

৪। মেয়র, পিরোজপুর পৌরসভা, স্বরুপকাঠী পৌরসভা, পিরোজপুর (বহুল প্রচারের জন্য)।

৫। জেলা তথ্য অফিসার, পিরোজপুর। (বহুল প্রচারের জন্য)।

৬। উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর, নেছারাবাদ, পিরোজপুর। তাঁকে মাইক, ঢোলসহরতের মাধ্যমে হাটবাজারে দরপত্র দাখিলের তারিখ ঘোষণার বন্দোবস্ত করতে হবে। (বহুল প্রচারের জন্য)।

৭। সহকারী কমিশনার (ভূমি), পিরোজপুর সদর, নেছারাবাদ, পিরোজপুর। তাঁকে মাইক, ঢোলসহরতের মাধ্যমে হাটবাজারে দরপত্র দাখিলের তারিখ ঘোষণার বন্দোবস্ত করতে হবে। (বহুল প্রচারের জন্য)।

৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পিরোজপুর সদর/স্বরুপকাঠী থানা, পিরোজপুর

৯। চেয়ারম্যান, কলাখালী ইউনিয়ন পরিষদ, পিরোজপুর সদর, পিরোজপুর।

১০। চেয়ারম্যান, গুয়ারেখা ইউনিয়ন পরিষদ, নেছারাবাদ, পিরোজপুর।

১১। নোটিশ বোর্ড।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
পিরোজপুর